**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৯২

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) তার অনলাইন প্লাটফর্মে ক্রেডিট রেটিং কোম্পানী এবং সিকিউরিটিজ কাস্টডিয়ানকে যুক্ত করেছে। এর ফলে বিএসইসি এর দুই অংশীজন জুলাই ২০২০ থেকে তাদের মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন অন লাইনে দাখিল করতে পারবে। উল্লিখিত রিপোর্টসমূহ দাখিল করলে যারা দাখিল করেছেন তারা একটি সিস্টেম জেনারেটেড প্রাপ্তি স্বীকারপত্র পাবেন। তাছাড়া ব্যবহারকারীরা তাদের ড্যাশবোর্ডে ইতিমধ্যে যে সকল রিপোর্ট জমা দিয়েছে তাও পাবেন। প্রতি মাসের দশ তারিখের মধ্যে দাখিলকৃত বর্তমান রিপোর্ট সংশোধনও করা যাবে। এই প্ল্যাটফর্মটি বিএসইসি বাইরের কোন সাহায্য ছাড়া প্রস্তুত করেছে। এর ব্যবহারকারীরা রিপোর্ট প্রদানের নির্দিষ্ট সময়ের মধ্যে রাত-দিন যে কোন সময়ে রিপোর্ট জমা দিতে পারবেন। অন্যদিকে বিএসইসি এই জমাকৃত রিপোর্ট এককভাবে এবং সামষ্টিকভাবে বিশ্লেষণ করতে পারবে।

২০১৯ সালের জুলাই মাসে চালু হওয়া এই প্ল্যাটফর্মটি এতদিন প্রাতিষ্ঠানিক ব্রোকার, মার্চেন্ট ব্যাংক এবং এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানীরা তাদের মাসিক রিপোর্ট দাখিল করছেন।

অনুষ্ঠানের অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের প্রাক্তন শিক্ষক প্রফেসর এম. এ. বাকী খলিলি পুঁজিবাজারের সকল কার্যক্রমে স্বচ্ছতার উপর বিশেষ জোর দেন। কভিড-১৯ পরিস্থিতিতে তালিকাভূক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিস্থিতির উপর অতিরিক্ত কোন তথ্যের প্রয়োজনের ব্যাপারে ফিন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের সাথে এক যোগে কাজ করার পরামর্শ দেন।

অনুষ্ঠানে এসআরআই বিভাগের কমিশনার জনাব মোঃ আবদুল হালিম চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে চলার জন্য পুঁজিবাজারকে প্রস্তুত করার উপর জোর দেন।

অনুষ্ঠানে বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আইটি প্ল্যাটফর্মের উপর বিশেষ গুরুত্ব প্রদান করে জানান যে, বিএসইসির সর্বক্ষেত্রে আইটি ব্যবহারের অবকাঠামোর জন্য খুব শীঘ্রই একজন আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করা হবে। তিনি আরও বলেন যে এর মাধ্যমে বিএসইসির সকল অংশীজনের রিপোর্ট প্রদান সহজ করা হবে। বক্তব্য শেষে তিনি ক্রেডিট রেটিং কোম্পানী এবং সিকিউরিটিজ কাস্টডিয়ানদের অনলাইনে রিপোর্ট জমাদানের জন্য এই প্ল্যাটফর্মটি উদ্বোধন করেন।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


Inaugural Ceremony of "Online Report Submission Platform"
for Securities Custodians and Credit Rating Companies.
Guest :
Professor Shibli Rubayat-Ul-Islam
Chairman, BSEC
Professor M.A. Baqui Khalily (Retd.)
epartment of Finance, University of Dhaka
SRI Department
purpose Hall, BSEC
Banglad
xchange Commission

